

বিজ্ঞপ্তি

নম্বরঃ- ৮০.১০৬.০১১.০১.০০.০০২.২০১১(অংশ-১). ৭৬

তারিখ : ২২/০৪/২০১৬ খ্রিঃ।

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কোস্টগার্ড এর “আইন কর্মকর্তা” পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মূল আবেদনপত্রের ফরম (BPS Form -3) পূরণ ও জমাদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কোস্টগার্ডের “আইন কর্মকর্তা” এর ০১(এক)টি স্থায়ী (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) পদে সরাসরি নিয়োগের জন্য গত ২৮/১২/২০১৫ খ্রিঃ তারিখে ১০৩ নং বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। অনলাইনে আবেদনকারী প্রার্থীদেরকে মূল আবেদনপত্রের ফরম (BPS Form -3) কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতার /অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ১৭/০৪/২০১৬ খ্রিঃ তারিখ হতে ০৫/০৫/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টার মধ্যে কমিশন সচিবালয়ে জমা প্রদান করতে হবে। আবেদনপত্র হাতে হাতে অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে। হাতে হাতে জমাদানকালে ডাউনলোডকৃত প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। আবেদনপত্র ডাকযোগে কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়ের ঠিকানায় পরিচালক, ইউনিট-৬ বরাবর প্রেরণ করা যাবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্র ফরম (BPS Form -3) জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না অর্থাৎ তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

২। উল্লিখিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি এবং অন্যান্য তথ্যাবলী পরবর্তীতে সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এবং দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
“চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে”

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

নম্বরঃ- ৮০.১০৬.০১১.০১.০০.০০২.২০১১(অংশ-১). ৭৬/(৪৫)

তারিখ : ২২/০৪/২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

- ১) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪) পরিচালক (সকল)/উপ সচিব (প্রশাসন/অর্থ ও সেবা/ বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (তাকে বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৭) মাননীয় চেয়ারম্যান এর একান্ত সচিব, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৮) জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৯) উপ-পরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ১০) বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, (বিজ্ঞ সদস্যের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।
- ১১) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ১২) অভ্যর্থনা শাখা/নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ১৩) কমিশনের Website: www.bpsc.gov.bd।
- ১৪) অফিস কপি/মাস্টার কপি

(মাইমুদা খানম)
পরিচালক (যুগ্ম সচিব)(ইউনিট-৬)
ফোনঃ ৫৫০০৬৬২৬